বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mor.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

নং- ৫৪.০০.০০০০.০০৮.০৫.০১১.২১-৭৬

তারিখ: ১৩ চৈত্র ১৪২৮ / ২৭ মার্চ ২০২২

**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নে নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী প্রেরণ এবং সিদ্ধান্তসমূহেরবাস্তবায়ন অগ্রগতি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, গত ১৩.০৩.২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (হার্ডকপি এবং সফ্‌ট কপি) আগামী ০৬.০৪.২০২২ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের প্রশাসন-২ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭/৩/২২

(মোঃ তৌফিক ইমাম)
উপসচিব (প্রশাসন-২)
ফোন: +৮৮০২৪১০৫০২৪৩
ই-মেইল: admin2@mor.gov.bd

০১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা/অডিট ও আইসিটি/বাজেট ও পরিবীক্ষণ/প্রশাসন/আইন ও ভূমি) রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৩। যুগ্মসচিব (প্রশাসন/ উন্নয়ন ও পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৪। সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।
০৫। উপসচিব (প্রশাসন-৪/প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৬। উপসচিব (প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**অনুলিপি :**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mor.gov.bd

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নে নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. মো: হুমায়ুন কবীর
সচিব, রেলপথ মন্ত্রণালয়।
তারিখ : ১৩/০৩/২০২২
সময় : সকাল ১০.৩০ ঘটিকা
সভার স্থান : রেলপথ মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং-৯৩০)

**সভার উপস্থিতি:**

সভায় মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলপথ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ, বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালকগণ এবং রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভার উপস্থিতি পরিশিষ্ট 'ক'-তে উপস্থাপন করা হলো।

২। **প্রারম্ভিক আলোচনা**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কর্মকৌশলে বর্ণিত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ে সঠিকভাবে বাস্তবায়ন জন্য তিনি উপস্থিত সবাইকে আহবান জানান। এতে দাপ্তরিক কাজের মান এবং গতি আরো বৃদ্ধি পাবে মর্মে তিনি উল্লেখ করেন। সেবাগ্রহিতা কোন ধরণের হয়রানী ছাড়াই নির্দিষ্ট সময়ে যেন তার সেবা পান সে বিষয়টি নিশ্চিত করার জন্য সভাপতি সকলকে অনুরোধ করেন।

২.২ সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন), নৈতিকতা কমিটির কার্যপরিধি সভায় উপস্থিত সকলকে অবহিত করেন। পরবর্তীতে তিনি জাতীয় শুদ্ধাচার কর্মকৌশলের তিনটি বৃহৎ ক্যাটাগরি (১) প্রাতিষ্ঠানিক ব্যবস্থা; (২) আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন; (৩) শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন এর উপরে গুরুত্ব আরোপ করেন।

২.৩ সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-২), নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী পাঠ করেন এবং সিদ্ধান্তের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। কোনো সংশোধনী না থাকায় ২য় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

৩.০ আলোচ্য বিষয়,আলোচনা গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়ন দায়িত্ব ,নিম্নরূপ :

| ক্র: | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | **অংশীজনের সভা:** সভায় ২০২১-২২ অর্থ-বছরের অংশীজন সভার বিষয়ে আলোচনা করা হয়। বাংলাদেশ রেলওয়ে ইতোমধ্যে দুইটি অংশীজন সভা আয়োজন করেছে। সর্বশেষ ডিসেম্বর মাসে চট্রগ্রামে বাংলাদেশ রেলওয়ে ২য় অংশীজন সভা আয়োজন করে। আগামী ৩০ মার্চ, ২০২২ তারিখের মধ্যে | (১)বাংলাদেশ রেলওয়ে কর্তৃক ৩য় কোয়ার্টারের অংশীজন সভা আগামী ৩০ মার্চ,২০২২ এর মধ্যে ঢাকার বাইরে অর্থাৎ রাজশাহী/খুলনায় অনুষ্ঠানের আয়োজন করতে হবে। বাংলাদেশ রেলওয়ের স্থানীয় কর্মকর্তা কর্মচারীদের সাথে আলোচনা করে সভার আলোচ্য বিষয় নির্বাচন | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |

| | | | |
|---|---|---|---|
| | বাংলাদেশ রেলওয়ে কর্তৃক রাজশাহী/খুলনায় ৩য় অংশীজন সভা করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। অংশীজন সভা অনুষ্ঠানের প্রমাণক হিসেবে নোটিশ, কার্যবিবরণী, হাজিরা শীট এবং ছবি দাখিলের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | করতে হবে।<br>(২)অংশীজন সভা অনুষ্ঠানের প্রমাণক হিসেবে নোটিশ, কার্যবিবরণী, হাজিরা শীট এবং সভা অনুষ্ঠানের ছবি দাখিল করতে হবে। | |
| ২. | **কর্ম-পরিবেশ উন্নয়ন:**<br>(১)রেলপথ মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে স্যানিটাইজার ও মাস্ক সরবরাহ করা হয়েছে। সার্বক্ষণিক মাস্ক পরে অফিস করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া দর্শনার্থীরা যেন মাস্ক পরে রেলভবনে প্রবেশ করে সে বিষয়েও নির্দেশনা দেওয়া হয়েছে। মাস্ক পরার বিষয়ে প্রমাণক হিসেবে মাস্ক পরিহিত কর্মকর্তা/কর্মচারীদের ছবি এবং দর্শনার্থীদের ছবি দাখিলের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>(২) ১৫ মে, ২০২২ এর মধ্যে অকেজো কম্পিউটার /ইলেকট্রনিক্স দ্রব্যাদি বিনষ্টকরণে সভায় একমত পোষণ করা হয়। | (১) মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ কর্মচারী এবং দর্শনার্থীদের নিয়মিত মাস্ক পরে রেলভবনে প্রবেশ করতে হবে। প্রমাণক হিসেবে মাস্ক পরিহিত ছবি দাখিল করতে হবে।<br>(২)১৫ মে, ২০২২ এর মধ্যে অকেজো কম্পিউটার/ইলেকট্রনিক্স দ্রব্যাদি বিধি মোতাবেক বিনষ্ট করতে হবে। | উপসচিব (প্রশাসন-৪) |
| ৩. | **প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোডকরণ:**<br>ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ১৫ এপ্রিল, ২০২২ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোডকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১৫ এপ্রিল, ২০২২ এর মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করতে হবে। এ সংক্রান্ত প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | ১। যুগ্মসচিব (প্রশাসন)<br>২। সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ৫. | **ফিডব্যাক কর্মশালা আয়োজন:**<br>বাংলাদেশ রেলওয়ে এবং সরকারি রেলপথ পরিদর্শন অধিদপ্তরের কার্যক্রমের বিষয়ে ফিডব্যাক কর্মশালা আয়োজনে সভায় আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর বাংলাদেশ রেলওয়ে ও সরকারি রেলপথ পরিদর্শন অধিদপ্তরের সঙ্গে ২৮ এপ্রিল, ২০২২ তারিখে একটি ফিডব্যাক কর্মশালা আয়োজন করতে হবে এবং প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) |
| ৬. | **প্রকল্পের পিএসসি সভা:**<br>উন্নয়ন প্রকল্পের পিএসসি সভা আয়োজন এবং গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ২০২১-২২ অর্থ বছরে মোট ৩৫ টি পিএসসি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। | ২০২১-২২ অর্থ বছরে উন্নয়ন প্রকল্পের পিএসসি সভা নির্ধারিত লক্ষ্যমাত্রা ৩৫ টি আয়োজন করতে হবে। প্রমাণক হিসেবে পিএসসি সভা অনুষ্ঠানের নোটিশ, হাজিরা শিট, এবং সভার কার্যবিবরণী দাখিল করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) |
| ৭. | **উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর বিধি মোতাবেক মালামাল হস্তান্তর:**<br>উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার , আসবাবপত্র ইত্যাদি) | ১৫ জুন, ২০২২ এর মধ্যে সমাপ্ত উন্নয়ন প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার , আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরের ব্যবস্থা | ১। মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে |

| | | | |
|---|---|---|---|
| | বিধি মোতাবেক হস্তান্তরের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়ে। | গ্রহণ করতে হবে এবং প্রমানক হিসেবে হস্তান্তরের তথ্য দাখিল করতে হবে। | ২।অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) |
| ৮. | **ভ্রাম্যমান আদালত পরিচালনা করা:** রেলের এবং রেলস্টেশনের রেস্টুরেন্টের খাবারের মান বৃদ্ধির জন্য ভ্রাম্যমান আদালত পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | রেলের এবং রেলস্টেশনের রেষ্টুরেন্টের খাবারের মান বৃদ্ধির লক্ষ্যে ভ্রাম্যমান আদালত পরিচালনা অব্যাহত রাখতে হবে এবং প্রয়োজনীয় কাগজপত্র প্রমাণক হিসেবে দাখিল করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| ৯. | **আধুনিক প্রযুক্তি সম্পন্ন সিঁড়ি/র‌্যাম্পের ব্যবস্থা:** এ বিষয়ে জানানো হয় ২০২১-২২ অর্থ বছরে ২য় কোয়ার্টারে ০২টি এবং ৪র্থ কোয়ার্টারে ০২টি আধুনিক প্রযুক্তি সম্পন্ন সিঁড়ি/র‌্যাম্প বসানোর লক্ষ্যমাত্রা রয়েছে কিন্তু এখন পর্যন্ত একটিও বসানো হয়নি। | লক্ষ্যমাত্রা অনুযায়ী দ্রুত রেলের কোচে যাত্রীদের উঠানামা নিরাপদ ও আরামদায়ক করার জন্য সিঁড়ি/র‌্যাম্প স্থাপন করতে হবে। প্রমাণক হিসেবে সিঁড়ি/র‌্যাম্প স্থাপনের ছবি দাখিল করতে হবে। | ১।মহা পরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br><br>২।অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) রেলপথ মন্ত্রণালয় |
| ১০. | **লোকোমোটিভে ফুয়েল ট্র্যাকার:** জ্বালানী তেল চুরি রোধকল্পে ফুয়েল ট্র্যাকার সংযোজিত লোকোমোটিভের প্রতিবেদন দাখিলের ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। | ফুয়েল ট্র্যাকার সংযোজিত লোকোমোটিভের মাসভিত্তিক প্রতিবেদন ৩য় কোয়ার্টারে ০২ টি এবং ৪র্থ কোয়ার্টারে ০৩ টি দাখিল করতে হবে। | ১।মহা পরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br><br>২।অতিরিক্ত সচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয় |

০৫। সভাপতি চলতি কোয়ার্টারের যে সময়টুকু রয়েছে তার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের পরামর্শ দেন। অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

28/07/2022

(ড. মো: হুমায়ুন কবীর)
সচিব
রেলপথ মন্ত্রণালয়